

১০নং হুগড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়  
টাঙ্গাইল সদর,টাঙ্গাইল  
উপস্থিত সদস্যগণের নাম ও হাজিরা

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত(হাজিরা মোতাবেক)
০১	মোহাম্মদ নূর-এ-আলম	চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	মোছাঃ মমতা	সদস্য	স্বাক্ষরিত
০৩	মোছাঃ নাছিমা	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোছাঃ জামিলা পারভীন	সদস্য	স্বাক্ষরিত
০৫	মোঃ আবু তাহের	সদস্য	স্বাক্ষরিত
০৬	মোঃ নাজিম উদ্দিন	সদস্য	স্বাক্ষরিত
০৭	মোঃ দবির উদ্দিন মোল্লা	সদস্য	স্বাক্ষরিত
০৮	মিন্টু মিয়া	সদস্য	স্বাক্ষরিত
০৯	মোঃ শওকত আলী	সদস্য	স্বাক্ষরিত
১০	মোঃ ছানোয়ার হোসেন	সদস্য	স্বাক্ষরিত
১১	মোঃ সাইফুল ইসলাম	সদস্য	স্বাক্ষরিত
১২	মোঃ মজনু মুধা	সদস্য	স্বাক্ষরিত
১৩	মোঃ আঃ রউফ	সদস্য	স্বাক্ষরিত

আলোচ্য সূচী :

- ১। পূর্ববর্তী সভার আলোচনা পেশ ও পুনঃ অনুমোদন।
- ২। ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম পর্যায়ে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর প্রকল্প প্রসঙ্গে আলোচনা।
- ৩। জন্ম নিবন্ধন সংক্রান্ত বিষয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

(মোহাম্মদ নূর-এ-আলম তুহিন)

চেয়ারম্যান

১০নং হুগড়া ইউনিয়ন পরিষদ

টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

অদ্য ০২/১০/২০২৩ ইং তারিখে রোজঃ সমবার সকাল ১১.০০ ঘটিকায় উপরোক্ত বিষয়ের উপর হুগড়া ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এক জরুরী সভা আহবান করা হয়। উক্ত সভায় সভাপতি করেন অত্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ নূর এ-আলম। সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যসূচী অনুযায়ী সভা আরম্ভ করার জন্য অনুমতি প্রদান করেন।

১নং আলোচ্য সূচী অনুযায়ী পূর্ববর্তী সভার আলোচনা অধ্যকার সভায় পাঠকরা হয় ও কোন রকম সংশোধন ছাড়াই উহা পুনঃ অনুমোদিত হয়।

২নং আলোচ্য সূচী অনুযায়ী জনাব সভাপতি সাহেব সভাকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অত্র ইউনিয়নের উন্নয়নমূলক কাজের জন্য ১ম পর্যায়ে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী বাবদ ১৬২ জন শ্রমিকের অনুকূলে ২৫,৯২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত শ্রমিকের মজুরী বিকাশের মাধ্যমে প্রদান করা হবে। কোন শ্রমিক যাতে দৈত নামে না হয় তাহা লক্ষ্য করার জন্য জনাব সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অরোধ করেন। শুধুমাত্র গরিব ও অসহায় লোকের শ্রমিকের নাম দেওয়া যাবে। উক্ত বরাদ্দ দ্বারা অত্র ইউনিয়নের উন্নয়নমূলক কাজ করা হবে। কোথায় কোন প্রকল্প গ্রহণ করা যায়, সে বিষয় সম্পর্কে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। আলোচনা কালে উপস্থিত সকল সদস্যর সম্মতিক্রমে নিম্ন লিখিত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যাহা সর্ব সম্মতিক্রমে গৃহিত হইল।

প্রকল্পের নাম- ১। নরসিংহপুর নতুনপাড়া শাহিনের বাড়ি ভায়া ধুলবাড়ি আকাবরের বাড়ি হতে মোল্লাপাড়া মসজিদ পর্যন্ত ভায়া চর হুগড়া মজিবরের দোকান থেকে মোল্লা পাড়া কবর স্থান, হাশেম মাষ্টারের বাড়ি পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। শ্রমিক-

ক্র নং	নাম,পিতা/স্বামীর নাম ও ঠিকানা	পরিচয়	কমিটিতে পদবী	মন্তব্য
০১	আবু তাহের পিতা-মোঃ দেওয়ান আলী, মৈশানন্দলাল	ইউপি সদস্য ১ নং ওয়ার্ড	সভাপতি	
০২	মমতাজ বেগম স্বামী-আঃ খালেক, চর হুগড়া	ইউপি সদস্য	সেক্রেটারী	
০৩	দবির উদ্দিন মোল্লা	ইউপি সদস্য	সদস্য	
০৪	মোঃ ফারুক হোসেন পিতা-সুজায়েত আলী	শিক্ষক	সদস্য	
০৫	আঃ হালিম পিতা-মৃত কদম আলী	গন্যমান্য	সদস্য	

২। হুগড়া আমির মাষ্টারের বাড়ি থেকে হানিফের বাড়ি পর্যন্ত ভায়া শমসের বাড়ি পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। শ্রমিক সংখ্যা-

ক্র নং	নাম,পিতা/স্বামীর নাম ও ঠিকানা	পরিচয়	কমিটিতে পদবী	মন্তব্য
০১	নাছিমা বেগম স্বামী-আঃ হাই	ইউপি সদস্য	সভাপতি	
০২	মোঃ মিন্টু মিয়া পিতা-মৃত শুকুর মন্ডল	ইউপি সদস্য	সেক্রেটারী	
০৩	বীর মুক্তিযোদ্ধা হায়দার আলী পিতা-মৃত ওয়াহেদ আলী মোল্লা	গন্যমান্য	সদস্য	
০৪	রশেদুল হাসান পিতা-মিজানুর রহমান	শিক্ষক	সদস্য	
০৫	ওমর মন্ডল পিতা-মৃত শুকুর মন্ডল	গন্যমান্য	সদস্য	

৩। উত্তর হুগড়া মোজাম্মেল এর বাড়ি থেকে শরাফতের বাড়ি ভায়া বেগুনটাল কবর স্থান হতে ধলেশ্বরী পাড় ও আলমগীর এর বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ। শ্রমিক সংখ্যা-

ক্র নং	নাম,পিতা/স্বামীর নাম ও ঠিকানা	পরিচয়	কমিটিতে পদবী	মন্তব্য
০১	মোঃ ছানোয়ার হোসেন পিতা-মৃত আঃ ছাত্তার, বেগুনটাল	ইউপি সদস্য ০৬ নং ওয়ার্ড	সভাপতি	
০২	নাছিমা বেগম স্বামী-আঃ হাই, বেগুনটাল	ইউপি সদস্য	সেক্রেটারী	
০৩	মোঃ শওকত আলী	ইউপি সদস্য	সদস্য	
০৪	মোঃ শাহ আলম পিতা-মোঃ সোহরাব আলী	শিক্ষক	সদস্য	
০৫	মোঃ মফিজুর রহমান পিতা-মৃত মোহাম্মদ আলী,	গন্যমান্য	সদস্য	

৪। বৈরাগী পাড়া মসজিদ হতে আনুহলা বড় সড়ক পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ ভায়া মালতিপাড়া দুলাল মোড় হতে আলোক দিয়া সীমানা পর্যন্ত রাস্তা নির্মাণ ভায়া বাসুদিয়া হতে আজমত আলীর বাড়ি পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। শ্রমিক-

ক্র নং	নাম,পিতা/স্বামীর নাম ও ঠিকানা	পরিচয়	কমিটিতে পদবী	মন্তব্য
০১	মোঃ আঃ রউফ পিতা-আবুল খায়ের, মালতিপাড়া	ইউপি সদস্য ০৯ নং ওয়ার্ড	সভাপতি	
০২	জামিলা পারভীন স্বামী-ফজলুল করিম, ভাঙ্গাবাড়ি	ইউপি সদস্য	সেক্রেটারী	
০৩	মোঃ সাইফুল ইসলাম	ইউপি সদস্য	সদস্য	
০৪	মোঃ জাহিদুল ইসলাম	শিক্ষক	সদস্য	
০৫	মোঃ হাসান আলী পিতা-মৃত আছির উদ্দিন,	গন্যমান্য	সদস্য	

০৩নং আলোচ্য সূচী অনুযায়ী জনাব সভাপতি সাহেব সভাকে অবহিত করেন যে, সরকারী ভাবে ০-৪৫ জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য জোড় তাগিদ রয়েছে। এজন্য সকলকে ০-৪৫দিন জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে সভাপতি সাহেব নির্দেশ প্রদান করেন। সকল ইউপি সদস্য ও গ্রাম পুলিশকে তথ্য প্রদান করার জন্য বলা হয়।

অবশেষে বিবিধ সূচীর উপর আর কোন আলোচনা না থাকায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে এবং মাসিক আনুষঙ্গিক খরচের ভাউচার গুলো অনুমোদ করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন এবং অত্র সিদ্ধান্তের আলোচনা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য জনাব সভাপতি সাহেবকে অনুরোধ করেন।

(মোহাম্মদ নূর-এ-আলম)

চেয়ারম্যান

১০নং হুগড়া ইউনিয়ন পরিষদ

টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

